দৈনিক বাংলা

তারিখ ২৪/৪/৮১ ...

পৃষ্ঠা ... কলাম ...

..00.113

# কৃষি কলেজ ছাত্রদের বিক্ষোভ: পুলিশের সঙ্গে সংঘর্ষ: ২০ জন আহত: গ্রেফতার ১২

(স্টাফ রিপোর্টার)

বুধবার দুপুরে শেরেবাংলা নগরে কৃষি কলেজ ছাত্র সংগ্রাম পরিষদের একটি প্রতিবাদ মিছিলকে কেন্দ্র করে এক অপ্রীতিকর ঘটনায় দুজন পুলিশ কনেস্টবলসহ ২০ জন আহত এবং ছ'টি বিআরটিসি বাস ক্ষতিগ্রস্ত হয়েছে। গ্রেফতার করা হয়েছে কৃষি কলেজের ১২ জন ছাত্রকে।

সকাল ১১টার দিকে কলেজের ছাত্ররা সাধারণ বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদ খোলার দাবীর প্রতিবাদে একটি মিছিল বের করে। শেরেবাংলা নগরস্থ পরিকল্পনা মন্ত্রণালয়ের কাছে এসে মিছিলকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ বাধে। সংঘর্ষের এক পর্যায়ে পুলিশ ছাত্রদের ওপর লাঠিচার্জ এবং কয়েক রাউন্ড ফাঁকা গুলি করে। এতে প্রায় ১৬ জন ছাত্র আহত হয়। অন্যদিকে মিছিলকারীদের ইট-পাটকেল নিক্ষেপের ফলে দুজন পুলিশও জখম হয়েছে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে। পুলিশ এবং বিআরটিসি শ্রমিক কর্মচারী ইউনিয়ন দুটি সূত্র থেকেই জানানো হয় যে মিছিলকারীরা ঐ রুটে চলাচলকারী ৬টি বিআরটিসি বাসের ওপর হামলা চালায়। তারা বাসগুলোর ব্যাপক ক্ষতি সাধন করে এবং সেগুলোকে আটকে রাখে। এ সময় বাসের কয়েক জন চালক এবং কন্ডাক্টরও আহত হন বলে বিআরটিসি শ্রমিক কর্মচারী ইউনিয়ন জানিয়েছে।

পুলিশ কন্ট্রোল রুম সূত্রের খবর: আটক বাসগুলো উদ্ধার করা হয়েছে। গ্রেফতার করা হয়েছে ১২ জনকে। সন্ধ্যা নাগাদ এ ব্যাপারে তেজগাঁ থানায় পাঁচটি মামলা দায়ের করা হয়েছে।

এদিকে কৃষি কলেজ ছাত্র সংগ্রাম পরিষদের এক বিবৃতিতে এ ঘটনার জন্যে পুলিশকে দায়ী করা হয়। বিবৃতিতে বলা হয়, পুলিশ বিনা উস্কানিতে শান্তিপূর্ণ মিছিলের ওপর হামলা চালিয়েছে। ছাত্ররা অবিলম্বে গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি এবং তাদের সব দাবী মেনে নেয়ার জোর দাবী জানিয়েছে।

এদিকে বিআরটিসি শ্রমিক কর্মচারী ইউনিয়ন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কৃষি অনুষদ বাস্তবায়ন কমিটির (ছাত্র) পক্ষ থেকে দেয়া বিবৃতিতে কৃষি কলেজ ছাত্রদের কার্যকলাপের তীব্র নিন্দা জানানো হয়।